




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউনিয়ন পরিষদ -১ শাখা
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০৭.১৫ (অংশ-১২)-৭৬৯

তারিখ: ১১ আশ্বিন ১৪২৮

২৬ সেপ্টেম্বর ২০২১

বিষয়: কক্সবাজার জেলার পেকুয়া উপজেলার সদর ইউনিয়নের “মেহেরনামা মৌজা” কে প্রশাসনিক কাঠামো হিসেবে ইউনিয়নে রূপান্তরকরণ সংক্রান্ত।

সূত্র: জনাব মুহাম্মদ নাছির উদ্দিন বাদশা, সদস্য, আহবায়ক কমিটি, পেকুয়া উপজেলা আওয়ামীলীগ, কক্সবাজার এর আবেদন, তারিখ: ২৯/০৮/২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে, জনাব মুহাম্মদ নাছির উদ্দিন বাদশা, সদস্য, আহবায়ক কমিটি, পেকুয়া উপজেলা আওয়ামীলীগ, কক্সবাজার এর আবেদনের বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনামতে।

২৬-৯-২০২১

মো: আবুজাফর রিপন

উপসচিব

ফোন: ৯৫৮৬৬০৫

জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার।

ইমেইল: up1lgd@gmail.com

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০৭.১৫ (অংশ-১২)-৭৬৯/১(৫)

তারিখ: ১১ আশ্বিন ১৪২৮

২৬ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) জনাব মোহাম্মদ নাছির উদ্দিন বাদশা, সদস্য, আহবায়ক কমিটি, পেকুয়া উপজেলা আওয়ামীলীগ, কক্সবাজার।

২৬-৯-২০২১

মো: আবুজাফর রিপন

উপসচিব

মাননীয়

সচিব মহোদয়

স্থানীয় সরকার বিভাগ

স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়: জনস্বার্থে কক্সবাজার জেলার পেকুয়া উজেলার সদর ইউনিয়নের “মেহেরনামা মৌজা” কে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ)

আইন, ২০০৯ এর ধারা ১১ মোতাবেক প্রশাসনিক কাঠামো হিসেবে ইউনিয়নে রূপান্তর করার আবেদন প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং উনিঅ/ পেকুয়া/ কক্স/ ২০১৯-৪৫৬, তারিখ: ০৫/০৮/২০১৯খ্রিঃ / স্মারক ৪৫৬/১

তারিখ ১২/০৯/২০১৯খ্রিঃ জেলা প্রশাসকের স্মারক নং: জেপ্র/ কক্স- ১১০০৪২৪১৯০৭২৯০১০৬, তারিখ: ২৯/০৭/২০১৯খ্রিঃ

আবেদনকারী: মুহাম্মদ নাছির উদ্দিন বাদশা

সদস্য, আহবায়ক কমিটি, পেকুয়া উপজেলা আওয়ামীলীগ।

সাবেক আহবায়ক, পেকুয়া উপজেলা ছাত্রলীগ।

মোবাইল নং ০১৮৬৪-০৫১৩০৮

জনাব,

যথাযথ সম্মান পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি আবেদনকারী পেকুয়া উপজেলার সদর ইউনিয়নের মেহেরনামা মৌজার স্থায়ী বাসিন্দা হই। পেকুয়া সদর ইউনিয়ন বৃহত্তর ইউনিয়ন বিধায় মেহেরনামা মৌজার ৩৮ হাজার সাধারণ জনগণ নাগরিক সেবা ও সুবিধা বঞ্চিত হওয়ায় গত ০৫/০৮/২০১৯খ্রিঃ মেহেরনামা মৌজাকে ইউনিয়নে রূপান্তর করার আবেদন করেছিলাম উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে জেলা প্রশাসক বরাবরে। জেলা প্রশাসক আবেদনখানা বিধিমাতে ইউনিয়নে রূপান্তরের নিমিত্তে তথ্য প্রদানের জন্য উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবরে প্রেরণ করিলে তিনি বিধি মতে সকল তথ্য সংগ্রহ করে উল্লিখিত স্মারকে জেলা প্রশাসক বরাবরে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ১১ মোতাবেক প্রেরণ করেন। জেলা প্রশাসক বিধিমাতে পরবর্তী ব্যবস্থা গ্রহণে কোন পদক্ষেপ না নেওয়ায় আপনার বরাবরে আবেদন করিতেছি যে পেকুয়া সদর ইউনিয়ন আনুমানিক ১৯৩৫ সালে স্থাপিত হয়। গত জোট সরকারের আমলে মগনামাকে বিভাজিত করে উজানটিয়া এবং বাবরবাকিয়াকে বিভাজিত করে শিলখালী ইউনিয়ন রূপান্তর করেন। বর্তমানে নবসৃষ্ট ইউনিয়ন উজানটিয়া ও শিলখালী থেকে মেহেরনামা মৌজার জনসংখ্যা ও ভোটার অনেক বেশি। প্রশাসনিক কাঠামো হিসাবে মেহেরনামা মৌজাকে অজ্ঞাত ও বৈষম্যে করে তৎকালীন সময়ে ইউনিয়নে রূপান্তর হয়নি। পেকুয়া সদরের মেহেরনামা মৌজাকে ইউনিয়নে রূপান্তর করার অন্যতম কারণ হচ্ছে, জন সাধারণের যোগাযোগ ও অবস্থানগত অসুবিধার সমস্যা জর্জরিত। বর্তমানে পেকুয়া ইউনিয়নের কার্যদি বৃহৎ পরিসরে হওয়ায় ইউনিয়ন গ্রাম আদলতে শালিশ বিচারের দীর্ঘ সূত্রতা অন্যতম কারণ, এবং বৃহত্তর মেহেরনামার জনগণ নাগরিক সেবাও সুবিধা হতে বঞ্চিত। বর্তমানে মেহেরনামায় একটি উচ্চ বিদ্যালয়, একটি দাখিল মাদ্রাসা তিনটি ইবতেদায়ি মাদ্রাসা, চারটি সরকারি প্রাথমিক বিদ্যালয় ও একটি পিইসির পরীক্ষার কেন্দ্র নিয়ে ৩৮ হাজার মানুষের বসবাস। কিন্তু পরিতাপের বিষয় মেহেরনামার মৌজার ননদিরপাড়ার কিছু অংশ, সৈকত পাড়া, বলিরপাড়া, মোড়ারপাড়া, আলেকদিয়ারকাটা ও খাসপাড়ার সাথে উপজেলা ও ইউনিয়নের সাথে সামগ্রিক যোগাযোগের দূরবাহার কারণে প্রশাসনিক ভাবে ক্ষতিগ্রস্ত এই এলাকার জনগণ। বিভিন্ন উন্নয়ন মূলক কর্মকান্ড নেই বলেই চলে এছাড়া সাধারণ নাগরিক মৌলিক অধিকার, স্বাস্থ্য সেবা, মাতৃসেবা, সুচিকিৎসা, শিক্ষা অবকাঠামো যাতায়ত ও আইন শৃঙ্খলা ইত্যাদি সেবা প্রদানের জন্য জন সংখ্যার কারণে পর্যাপ্ত লোকবল না থাকায় এই বৃহত্তর পেকুয়া ইউনিয়নের মেহেরনামা মৌজার প্রত্যন্ত গ্রামের গণ মানুষের ধারে মৌলিক অধিকারের সেবা পৌছানো সম্ভব হচ্ছে না এবং সেবা বঞ্চিত হয়ে আসছে জনগণ। এমতাবস্থায় পেকুয়া সদর ইউনিয়নকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ১১ মোতাবেক মেহেরনামা মৌজাকে নতুন ইউনিয়ন গঠন পূর্বক প্রশাসনিক অবকাঠামো রূপান্তর করনের জন্য আকুল আবেদন করছি। এই বিষয়ে এবং ইউনিয়ন পরিষদের আইন মোতাবেক গত সময়ে উপরোক্ত স্মারকে উপজেলা নির্বাহী কর্মকর্তা প্রতিবেদন প্রেরণ করেছেন জেলা প্রশাসক কক্সবাজার বরাবরে সেই মতে প্রয়োজনীয় পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিবেদনের সকল পত্রাদি সংযুক্ত।

অত এব মহোদয় উল্লিখিত বিষয়ের আলোকে মেহেরনামা মৌজার সমস্যা নিরোধকল্পে মেহেরনামাকে ইউনিয়নে রূপান্তর করনে আপনার সদয় মর্জি হই।

নিবেদক

আপনারই একান্ত মেহেরনামা এলাকার জনগণের পক্ষে

মুহাম্মদ নাছির উদ্দিন বাদশা

সংযুক্তি: ২৯/০৮/২০২০

১। ইউনিয়ন রূপান্তরের তথ্যভিত্তিক উপজেলা নির্বাহী কর্মকর্তার প্রতিবেদনসহ

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ধারা ১১ মোতাবেক প্রশাসনিক সকল দস্তুর হতে প্রেরিত কাগজ ২৩কপি।

ক) পেকুয়া সদর ইউনিয়ন পরিষদের স্মারক যুক্ত প্রত্যাশন।

খ) পেকুয়া জনসংখ্যা অফিসের প্রত্যাশন ২টি।

গ) পেকুয়া উপজেলা নির্বাচন অফিসের প্রত্যাশন।

স্থানীয় সরকার বিভাগ
সিনিয়র সচিবের দপ্তর

১) অতিরিক্ত সচিব	১) প্রশাসন
২) মহাপরিচালক	২) নগর উন্নয়ন
৩) যুগ্মসচিব	৩) উন্নয়ন
৪) যুগ্মসচিব (পরিকল্পনা)	৪) পানি সরবরাহ (পান)
	৫) উপজেলা অধিশাখা
	৬) ইউপি অধিশাখা
	৭) অডিট অধিশাখা
	৮) আইন অধিশাখা

ডায়েরী নম্বর: ৩১৮২
তারিখ: ৩১/৮/২০

২৬২৭ ১/১

প্রশাসনিক কাঠামো/মৌজাভে প্রেরিত

১/১/২ পাখা

১/১/২ পাখা

স্থানীয় সরকার

স্থানীয় সরকার বিভাগ
প্রাপ্তি তারিখ: ৩১/৮/২০
নম্বর: ৩১